

 ভিডিও ভিডিও ছবি

উচ্চশিক্ষা

মেডিকেল কলেজগুলোতে উন্নত শিক্ষা দিলে সুদক্ষ চিকিৎসক তৈরি হবে:
স্বাস্থ্যমন্ত্রী


ইউএনবি

স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন ফাইল ছবি: বাসস

স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন বলেছেন, ‘আমাদের মেডিকেল কলেজগুলোর মান বাড়লে ও উন্নত শিক্ষা দিলে আমরা আরও সুদক্ষ চিকিৎসক পাব।’ তিনি বলেন, ‘আমাদের মেডিকেল কলেজগুলো চিকিৎসক তৈরি করে। তাই মেডিকেল কলেজগুলোর সুযোগ-সুবিধা বাড়াতে হবে।’ গতকাল রোববার দিনাজপুরের এম আব্দুর রহিম মেডিকেল কলেজে শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে এক মতবিনিময় সভায় স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, ‘মেডিকেল পেশাজীবী ও রোগীদের সুরক্ষার জন্য স্বাস্থ্যসুরক্ষা আইনের খসড়া তৈরি শেষ পর্যায়ে আছে। ইতিমধ্যে আমরা অনেকবার এটা নিয়ে মন্ত্রণালয়ে সভা করেছি। এই আইন রোগী ও ডাক্তার—উভয়কেই সুরক্ষা দেবে।’ বিশেষ অতিথির বক্তব্যে স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. জাহাঙ্গীর আলম চিকিৎসকদের বিদ্যমান সব সাবজেক্টে পোষ্টগ্র্যাজুয়েট সম্পর্ক করার গুরুত্ব তুলে ধরেন। এ ছাড়া স্বাস্থ্যসেবা বিভাগের সচিব চিকিৎসকদের জন্য সুপার নিউমারারি পদ সৃষ্টির উদ্যোগের কথা বলেন।

এম আব্দুর রহিম মেডিকেল কলেজের অধ্যক্ষ এ এফ এম নূরউল্লাহর সভাপতিত্বে এ মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের লইপ ইকবালুর রহিম, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব

মো. জাহাঙ্গীর আলম, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক আবুল বাসার মোহাম্মদ খুরশীদ
আলমসহ স্বাস্থ্য বিভাগের ও স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন**



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
সত্ৰ © ১৯৯৮-২০২৪ প্রথম আলো